# টেলিটক বাংলাদেশ লিমিটেড

## (Teletalk Bangladesh Ltd.)

বাড়ি নং: ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং: ১৭, গুলশান-১, ঢাকা-১২১২

(রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, লেভেল-১০)

# নিয়োগ বিজ্ঞপ্তি

**স্মারক নং:** ১৪.৩৫.০০০০.০০০.০২০.১১.০০৬৩.২৬.০৩ **তারিখ:** ১৭-০৮-২০২৬ খ্রি.

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন টেলিটক বাংলাদেশ লিমিটেড (টিবিএল)এর কর্মকর্তা/কর্মচারীগণ এর নিয়মিত স্বাস্থ্য সেবা প্রদানের নিমিত্তে একজন খন্ডকালীন চুক্তিভিত্তিক রেজিস্টার্ড চিকিৎসক নিয়োগের উদ্দেশ্যে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছেঃ

| পদের নাম ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য শর্তাবলী | মাসিক বেতন (সর্বসাকুল্য) |
|---|---|---|---|
| পদের নাম: **চুক্তিভিত্তিক খন্ডকালীন চিকিৎসক**<br>সংখ্যা: ০১ (এক) জন | i) সরকার কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয়/ চিকিৎসা মহাবিদ্যালয় হতে এমবিবিএস পরীক্ষায় সাফল্যের সাথে উত্তীর্ণ হতে হবে।<br>ii) বিএমডিসি-এর নিবন্ধিত হতে হবে।<br>iii) Medical Science এর যেকোন একটি বিষয়ে উচ্চতর ডিগ্রীধারী অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হবে | i) স্বনামধন্য কোন প্রতিষ্ঠানে চিকিৎসক হিসাবে কমপক্ষে ১০(বছর) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>ii) কর্মকাল রবিবার হতে বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত)।<br>iii) প্রাথমিকভাবে চুক্তির মেয়াদ ০২(দুই) বছর যা টিবিএল কর্তৃপক্ষ প্রয়োজনে বাড়াতে পারবে।<br>iv) মহিলা এবং উচ্চতর ডিগ্রিধারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>v) **বয়স:** সর্বোচ্চ ৫৫ বছর সীমার মধ্যে হতে হবে (২৭ আগস্ট ২০২৬ খ্রি.)<br>vi) সরকারি মালিকানাধীন/ রাষ্ট্রায়াত্ত্ব প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। | i) মাসিক বেতন: সর্বসাকুল্য ৪৫,০০০/=(পঁয়তাল্লিশ হাজার টাকা মাত্র)<br><br>ii) বোনাস: সর্বসাকুল্য বেতনের সম্পূর্ণ হারে শুধুমাত্র দুই ঈদে প্রাপ্য।<br><br>ii) নববর্ষ ভাতা: সর্বসাকুল্য বেতনের ১০% হারে শুধুমাত্র ১লা বৈশাখে প্রাপ্য। |

১) আগ্রহী প্রার্থীগণ নিম্নলিখিত লিংক হতে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের বিবরণ এবং আবেদন করার প্রক্রিয়া উক্ত লিংকে উল্লেখ করা হয়েছে। আগামী ১৫ সেপ্টেম্বর ২০২৬ তারিখ অপরাহ্ন ০৫:০০ ঘটিকার মধ্যে আগ্রহী প্রার্থীগণকে

অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের সাথে টাকা ১,০০০/= (একহাজার টাকা মাত্র) আবেদন ফি হিসেবে এসএমএসের মাধ্যমে জমা দিতে হবে।

২) অনলাইনে আবেদনের লিংক: *http://jobs.teletalk.com.bd*

৩) আবেদনপত্র গ্রহণ বা বাতিল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**স্বাক্ষরিত**

**মহাব্যবস্থাপক (প্রশাসন)**

**টেলিটক বাংলাদেশ লিমিটেড**

**অনলাইন (Online)-এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী**

**(ক)** পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://jobs.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

**অনলাইনে আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদানের সময়সীমা (তারিখ ও সময়):**

i) **অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ** ২৭ আগস্ট ২০২৬ খ্রি. সকাল ১০:০০টা।

ii) **অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ** ১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. বিকাল ৫.০০টা। *[উক্ত সময়সীমার মধ্যে শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণই পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে অর্থাৎ ১৮ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে জমা দিতে পারবেন।]*

**(খ)** অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

**(গ)** অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

**(ঘ)** প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

**(ঙ) এসএমএস (SMS) প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০০/-(এক হাজার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

**এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার জন্য নির্ধারিত ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"**

**প্রথম SMS:** TBL<space>UserID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: TBL ABCDEF
Reply: Applicant's Name, Tk-1000/- will be charged as application fee. Your PIN is 123456. To pay fee, Type TBL<Space>Yes<Space>PIN and

send to 16222.

**দ্বিতীয় SMS:** TBL<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: TBL Yes 12345678
Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for TBL Application for post (xxxxxxxxx) User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

**(চ)** প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://jobs.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

**(ছ)** SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি নিয়োগ প্রক্রিয়ার বিভিন্ন ধাপে অংশগ্রহণের সময় অবশ্যই প্রদর্শন করবেন।

**(জ)** শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. **User ID জানা থাকলে:** TBL<space>Help<space>User<space>UserID & Send to 16222.
Example: TBL Help User ABCDEF & send to 16222

ii. **PIN Number জানা থাকলে:** TBL<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: TBL Help PIN 12345678 & send to 16222

১৫। নিয়োগ বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও টেলিটক বাংলাদেশ লিমিটেডের ওয়েবসাইটে (https://teletalk.com.bd) এবং http://jobs.teletalk.com.bd অথবা বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও নিয়োগ বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

১৬। Online-এ আবেদন করতে কোনো সমস্যা অনুভূত হলে যেকোনো নাম্বার থেকে 01550-666766 নাম্বারে অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail অথবা মেসেজ এর Subject-এ Organization Name TBL, Post Name *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১৭। **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বো কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৮। উপরে বর্ণিত শর্তাবলী এর মধ্যে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে টেলিটক বাংলাদেশ লিমিটেডের চাকরি প্রবিধানমালা প্রয়োজনবোধে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে **যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন** ফি জমাদান করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।